

ভূতের ‘সন্ট’

ভূতের রাজা এল বলে সবাই দেয় কান্না জুড়ে,
 বুকের ভিতর প্রান পাখিটা যায় যেন উড়ে।
 ভূত বলে তোরা সবাই আস এক এক করে,
 ভূতের হাত থেকে সবাই বাঁচতে দৌরায় মরে।
 ওরা এসে বসেন যবে, সবাই উনার কথা শুনে,
 বুদ্ধিহীনের দল সব আসল উল্টো কাপড় পড়ে।
 এসব দেখেও ভূত যখন চায়না যেতে সবে,
 তারপর ডাক পড়ল মহাযোগীর দেশে।
 এসে বলেন আমায় তোরা ডাকলি অবশেষে,
 তখন ওবাই বলে সাধুবাবা বাঁচান ফকির দরবেশে।
 সাধুবাবা পুজোয় বসে মন্ত্র সব পড়ে,
 বলেন তিনি আইন করে ভূতকে হবে রাখতে।
 প্রশাসনে খবর গেল যখন সর্বশেষ,
 কু-সংস্কারে বোধ হয় গেল মোদের গোটা দেশ।

--- রত্নজ্যোতি চক্ৰবৰ্তী

